নৈদিঘী আশ্রয়ণ-২ প্রকল্প

এর

ঋণ কার্যক্রমের

# অডিট প্রতিবেদন

অডিট বর্ষ ঃ ২০১৯-২০২০ ইং

উপজেলা ঃ আত্রাই, জেলা ঃ নওগাঁ।

নৈদিঘী আশ্রয়ণ-২ প্রকল্প
উপজেলা ঃ আত্রাই, জেলা ঃ নওগাঁ।
অডিট বর্ষ ঃ ২০১৯-২০২০ ইং
অডিটের প্রাথমিক বিবরণী

১। প্রকল্পের নাম ঃ নৈদিঘী আশ্রয়ণ-২ প্রকল্প।

২। প্রকল্পের ঠিকানা ঃ গ্রাম ঃ নৈদিঘী, পোঃ পালশা, উপজেলা- আত্রাই, জেলা- নওগাঁ।

৩। অর্থ সরবরাহকারী সংস্থা ঃ আশ্রয়ন বাস্তবায়ন সংস্থা, প্রধান মন্ত্রীর কার্যালয়, তেজগাঁ- ঢাকা।

৪। উপজেলা আশ্রয়ণ প্রকল্পের ঋণ দাদন ও আদায় কমিটি ঃ

| | |
|---|---|
| ১। উপজেলা নির্বাহী অফিসার, আত্রাই, নওগাঁ। | সভাপতি |
| ২। সহকারী কমিশনার (ভূমি), আত্রাই, নওগাঁ। | সদস্য |
| ৩। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, আত্রাই, নওগাঁ। | সদস্য |
| ৪। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, আত্রাই, নওগাঁ। | সদস্য |
| ৫। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, আত্রাই, নওগাঁ। | সদস্য |
| ৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আত্রাই থানা, আত্রাই, নওগাঁ। | সদস্য |
| ৭। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, আত্রাই, নওগাঁ। | সদস্য |
| ৮। চেয়ারম্যান, মনিয়ারী ইউপি, আত্রাই, নওগাঁ। | সদস্য |
| ৯। এনজিও প্রতিনিধি, আত্রাই, নওগাঁ। | সদস্য |
| ১০। উপজেলা সমবায় অফিসার, আত্রাই, নওগাঁ। | সদস্য সচিব |

৬। বিগত অডিট অফিসারের নাম ও পদবী ঃ ইহাই ১ম অডিট।
৭। বিগত অডিট সম্পাদনের তারিখ ঃ --
৮। বর্তমান অডিট অফিসারের নাম ও পদবী ঃ হীরেন্দ্র নাথ সরকার,উপজেলা সমবায় অফিসার,মহাদেবপুর, নওগাঁ।
৯। বর্তমান অডিট সম্পাদনের তারিখ ঃ ২২/১০/২০২০ ইং।
১০। আবাস থেকে প্রাপ্ত ঋণের পরিমাণ ঃ ৬,০০,০০০.০০
১১। মোট দাদনকৃত ঋণের পরিমাণ (ক্রমপুঞ্জিভূত) ঃ ২,০০,০০০.০০
১২। ঋণ গ্রহীতা সদস্য (ক্রমপুঞ্জিভূত) ঃ পুরুষ ০৬ জন, মহিলা ০৪ জন, মোট ১০ জন।
১৩। কর্জের আসল আদায় ও পরিশোধ (ক্রমপুঞ্জিভূত) ঃ ০০.০০
১৪। কর্জের সার্ভিস চার্জ আদায় ও পরিশোধ (ক্রমপুঞ্জিভূত) ঃ ০০.০০
১৫। প্রকল্পের ব্যারাক সংখ্যা ঃ ০৪টি।
১৬। প্রকল্পের পরিবার সংখ্যা ঃ ২০টি।
১৭। সভ্যের নিকট ঋণ পাওনা (আসল) ঃ ২০০০০০.০০
১৮। সভ্যের নিকট সার্ভিস চার্জ পাওনা ঃ ১৪০০০.০০
১৯। আবাসে সার্ভিস চার্জ প্রেরনের পরিমান ঃ ০০
২০। প্রকল্পের ব্যাংক হিসাব নম্বর-৪৮০৩৩০২০০০৫৩৩
২১। ৩০/০৬/২০২০ ইং তারিখে ব্যাংক স্থিতি ঃ ৩৯৯৯০/-
২২। ট্রেডের নাম ঃ মৎস্য চাষ,গাবাদি পশু পালন।

# নৈদিঘী আশ্রয়ণ-২ প্রকল্প

উপজেলা ঃ আত্রাই, জেলা ঃ নওগাঁ।

অডিট বর্ষ ঃ ২০১৯-২০২০ ইং

## অডিটের প্রতিবেদন

জেলা সমবায় অফিসার নওগাঁ মহোদয়ের আদেশ নং-৩৬১,তারিখ- ৩০/০৬/২০২০ খ্রিষ্টাব্দ মূলে আদিষ্ট হয়ে অদ্য ২২/১০/২০২০ ইং তারিখে নৈদিঘী আশ্রয়ণ-২ প্রকল্পের ঋণ কার্যক্রমের ২০১৯-২০২০ সনের বার্ষিক নিরীক্ষা কার্যক্রম উপজেলা সমবায় কার্যালয়, আত্রাই, নওগাঁয় সম্পাদন করি। নিরীক্ষা চলাকালীন সময়ে উপস্থিত ভুল-ক্রটি সংশোধন করে নেওয়া গেল এবং সে সকল ভুল-ক্রটি সংশোধন করা সম্ভব হল না তাহা ধারাবাহিকভাবে নিম্নে উল্লেখ করা হলো।

১। উদ্দেশ্য ঃ প্রকল্পের আওতায় ছিন্নমূল পরিবারকে ঋন প্রদানের মাধ্যমে স্বাবলম্বি করিয়া গড়িয়া তোলাই প্রকল্পের মূল উদ্দেশ্যে।

২। ব্যারাক ও পূনঃবার্ষিত পরিবার ঃ অত্র প্রকল্পের ব্যারাক হাউজের সংখ্যা ০৪ টি এবং পুনঃর্বাসিত পরিবারের সংখ্যা ২০টি।

৩। সদস্য সংখ্যা ঃ সভ্য রেজিষ্টার অনুযায়ী প্রকল্পের আওতাভূক্ত ৩০/০৬/২০২০ ইং তারিখ পর্যন্ত সমিতির মোট সদস্য সংখ্যা ৩০ জন। তন্মোধ্যে ঋণ গ্রহীতার সদস্য সংখ্যা পুরুষ ০৬ জন, মহিলা ০৪ জন, মোট ১০ জন।

৬। ঋণ প্রাপ্তি ঃ অত্র প্রকল্পের অনূকুলে প্রকল্প পরিচালক, আবাস, প্রধান মন্ত্রীর কার্যালয়, তেজগাঁ-ঢাকা থেকে ১৪.০০ লক্ষ টাকা ঋণ খাতে বরাদ্দ পাওয়া যায়।

৭। আলোচ্য বর্ষে ঋণ দাদন, আদায়, পরিশোধ ও পাওনা বিবরণী ঃ

| ঋণ দাদনের তারিখ | দাদনের পরিমাণ | আদায় ও পরিশোধ | | সভ্যের নিকট পাওনা | |
|---|---|---|---|---|---|
| | | আসল | সার্ভিস চার্জ | আসল | সার্ভিস চার্জ |
| ০৪/১১/২০১৯ | ২০০০০০.০০ | ০০.০০ | ০০.০০ | ২০০০০০.০০ | ১৪০০০.০০ |

আলোচ্য ২০১৯-২০২০ বৎসরে ৩০/০৬/২০ তারিখ পর্যন্ত সভ্যের নিকট হইতে আসল বাবদ ০০.০০ এবং সার্ভিস চার্জ বাবদ ০০.০০ টাকা আদায় করা হইয়াছে। প্রকল্পের সভাপতি মহোদয়ের সহিত পরামর্শ করিয়া সভ্যের নিকট হইতে কর্জ আদায় করার জন্য উপজেলা সমবায় অফিসারকে পরামর্শ দেওয়া হইল।

৯। ৩০/০৬/২০তারিখ পর্যন্ত মোট সার্ভিস চার্জ আদায়ের পরিমান ০০.০০ টাকা। আশ্রয়ন বাস্তবায়ন সংস্থা সঞ্চয়, ঋণ ও হিসাব নির্দেশিকার বহির ৭নং পৃষ্টার ৩.১০.৪ অনুচ্ছেদ অনুযায়ী আদায়কৃত ৭% সার্ভিস চার্জের মধ্যে ২.৫০% সমিতির রিজার্ভ ফান্ডে, ২.৫০% প্রকল্পের রিজার্ভ ফান্ডে এবং ২% সমিতির ঋণ গ্রহীতার সঞ্চয় হিসাবে জমা দেওয়ার বিধান রহিয়াছে।

৩০/০৬/২০২০ ইং তারিখ পর্যন্ত ক্রমপুঞ্জিভুত সার্ভিস চার্জ আদায়ের পরিমান ০০.০০ এবং বিধি মোতাবেক বিভাজন ও বিতরনের পরিমান মোট শুন্য টাকা। কাজেই অবশিষ্ট ০০.০০ টাকা নির্দেশিকা অনুযায়ী বিভাজন ও বিতরন করার জন্য উপজেলা সমবায় অফিসারকে পরামর্শ দেওয়া হইল।

১০। হিসাব সংরক্ষন ঃ প্রকল্পের বিধি বিধান ও হিসাব নির্দেশিকা অনুযায়ী হিসাব সংরক্ষন করা হয় মর্মে দেখা গেল। সাধারন খতিয়ান সহ সকল রেজিষ্টার হাল নাগাদ লেখা হচ্ছে।

১১। ব্যাংক স্থিতি ও হিসাব পরিচালনা ঃ প্রকল্প পরিচালনা করার জন্য সোনালী ব্যাংক, আত্রাই শাখার ৪৮০৩৩০২০০০৫৩৩ নং হিসাব খোলা আছে। উক্ত হিসাব উপজেলা সমাবায় অফিসার ও উপজেলা নির্বাহী অফিসার, আত্রাই, নওগাঁ মহোদয়ের যৌথ স্বাক্ষরে পরিচালনা করা হচ্ছে। আলোচ্য বৎসরে ব্যাংক সুদ প্রাপ্তি ০০.০০ টাকা এবং ব্যাংক সার্ভিসচার্জ কর্তন ১০/- টাকা। ৩০/০৬/২০২০ ইং তারিখ পর্যন্ত ব্যাংক স্থিতি পরিমান ৩৯৯৯৯০/- টাকা। ব্যাংক সার্টিফিকেট এবং নগদান বহির সহিত গড়মিল নাই। সকল লেনদেন ব্যাংকের মাধ্যমে করা হয় দেখা গেল।

১২। মজুদ তহবিল ঃ আলোচ্য বৎসরে ঋণ কার্যক্রম হিসাব খাতে হস্তে কোন মজুদ তহবিল নাই।

সমাপনী মন্তব্যঃ-

প্রকল্পের কার্যক্রম মোটামুটি সন্তোষজনক। অডিটকালে জনাব এস এম নিজাম উদ্দীন আহম্মেদ, উপজেলা সমবায় অফিসার, আত্রাই, নওগাঁ সার্বিক সহযোগিতা প্রদান করেন। আমি প্রকল্পের সার্বিক মঙ্গল কামনা করি।